ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন
প্রধান কার্যালয়
পল্লী ভবন (৭ম তলা)
৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫
www.sfdf.org.bd

স্মারক নং-৪৭.৬৫.০০০০.০৬১.৩৯.০০১.১৮-১১৯৫

তারিখঃ ২৫।০৪।১৪২৭ বঙ্গাব্দ
০৯।০৮।২০২০ খ্রিস্টাব্দ

বিষয়ঃ স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক নিয়মিতভাবে অফিস কার্যক্রম চালুকরণ প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং-০৪.০০.০০০০.৫১৪.১৬.০০২.২০.১৪০, ০৩।০৮।২০২০ তারিখের নির্দেশনা এবং পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের স্মারক নং-৪৭.০০.০০০০.০৩১.১৬.১৯০.১৮.-৬০০, ০৬।০৮।২০১৮ তারিখের নির্দেশনার পরিপ্রেক্ষিতে ফাউন্ডেশনের প্রধান কার্যালয় ও মাঠ পর্যায়ে কর্মরত সকল কর্মচারীকে ০৯ আগস্ট ২০২০ তারিখ হতে স্বাস্থ্যবিধি ও মন্ত্রিপরিষদ বিভাগ ও পল্লী উন্নয়ন সমবায় বিভাগের নির্দেশনা যথাযথভাবে অনুসরণপূর্বক নিয়মিতভাবে (সকাল ৯.০০টা- বিকাল ৫.০০টা) অফিসে উপস্থিত থাকার জন্য নির্দেশ প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

সংযুক্তি : বর্ণনামতে ২ পাতা।

০৯/০৮/২০২০
(এ এইচ এম আবদুল্লাহ)
ব্যবস্থাপনা পরিচালক
ফোন-০২-৮১৮০১৫০
info@sfdf.org.bd

বিতরণ:

১। প্রধান কার্যালয় ও মাঠ পর্যায়ের সকল কর্মচারী।
২। ব্যবস্থাপক (আইসিটি)-পত্রটি ওয়েবসাইটে প্রকাশ করবেন।

অনুলিপি:

১। ব্যবস্থাপনা পরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা-গার্ড ফাইলে সংরক্ষণের জন্য।
২। অফিস কপি।
৩। নোটিশ বোর্ড।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
প্রশাসন শাখা-১
www.rdcd.gov.bd

"বঙ্গবন্ধুর দর্শন
সমবায়ে উন্নয়ন"

২২ শ্রাবণ, ১৪২৭ বঙ্গাব্দ

স্মারক নং-৪৭.০০.০০০০.০৩১.১৬.১৯০.১৮.৬০০ তারিখঃ ---------------------------

০৬ আগস্ট, ২০২০ খ্রিস্টাব্দ

**বিষয়ঃ** **পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থার কার্যক্রম নিয়মিতভাবে পরিচালনা।**

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ কর্তৃক জারিকৃত ৪৭.০০.০০০০.০৩১.৯৯.২০.২০.৫৮৮, খ্রি: তারিখের ০৪-৮-২০২০ নং সংখ্যক স্মারকটি এতদ্বারা বাতিল করা হল এবং স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক জারিকৃত স্বাস্থ্য বিধি সংক্রান্ত ১২ দফা নির্দেশনা **(কপি সংযুক্ত)** অনুসরণপূর্বক এ বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থার সকল কর্মকর্তা/কর্মচারীকে নিয়মিতভাবে (সকাল ৯.০০ ঘটিকা হতে বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত) অফিসে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল। তবে ঝুঁকিপূর্ণ ব্যক্তি, অসুস্থ কর্মচারী এবং সন্তান সম্ভবা নারীগণ উর্দ্ধতন কর্তৃপক্ষকে অবহিত করে কর্মস্থলে উপস্থিত হওয়া থেকে বিরত থাকতে পারবেন।

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হল।

সংযুক্তি: ০১ (এক) পাতা।

০৬.৮.২০২০

(মোঃ মিজানুর রহমান)
উপসচিব
ফোনঃ +৮৮-০২-৯৫৭০৬৪৬
e-mail: admin1.section@rdcd.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-**

০১। পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সকল কর্মকর্তা/কর্মচারী।
০২। মহাপরিচালক(গ্রেড-১), বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি), পল্লী ভবন, ৫, কাওরান বাজার, ঢাকা।
০৩। নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর, সমবায় ভবন, আগারগাঁও, ঢাকা।
০৪। প্রকল্প পরিচালক, আমার বাড়ী আমার খামার প্রকল্প, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, প্রবাসী কল্যাণ ভবন (লেভেল-১৩, পশ্চিম অংশ), ৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা।
০৫। মহাপরিচালক,বার্ড,কুমিল্লা/আরডিএ,বগুড়া/বাপার্ড, গোপালগঞ্জ।
০৬। ব্যবস্থাপনা পরিচালক, মিল্ক ইউনিয়ন, তেজগাঁও, ঢাকা।
০৭। প্রকল্প পরিচালক, সার্বিক গ্রাম উন্নয়ন কর্মসূচি (সিভিডিপি-৩য় পর্যায়) প্রকল্প, সমবায় ভবন, আগারগাঁও, ঢাকা।
০৮। ব্যবস্থাপনা পরিচালক, এসএফডিএফ, ঢাকা।
০৯। মহাব্যবস্থাপক, বাংলাদেশ সমবায় ব্যাংক লি:, ৯/ডি, মতিঝিল, ঢাকা-১০০০।
১০। ভারপ্রাপ্ত ব্যবস্থাপনা পরিচালক, পিডিবিএফ, ঢাকা।
১১। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ **(মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য )**।
১২। সচিবের একান্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ **(সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)**।
১৩। সিস্টেম এনালিস্ট, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ **(ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)**।
১৪। অফিস কপি।

## স্বাস্থ্য বিধি সংক্রান্ত নির্দেশনা (সংশোধিত):

(১) অফিস চালু করার পূর্বে অবশ্যই প্রতিটি অফিস কক্ষ/আঙ্গিনা/রাস্তাঘাট জীবানুমুক্ত করতে হবে।

(২) প্রত্যেক মন্ত্রণালয়/বিভাগ/প্রতিষ্ঠানে প্রবেশ পথে থার্মাল স্ক্যানার/থার্মোমিটার দিয়ে কর্মকর্তা/কর্মচারীদের শরীরে তাপমাত্রা পরীক্ষা করে অফিসে প্রবেশ করাতে হবে।

(৩) অফিস পরিবহনসমূহ অবশ্যই শতভাগ জীবানুনাশক দিয়ে জীবাণুমুক্ত করতে হবে। যানবাহনে বসার সময় পারস্পারিক ন্যূনতম তিন ফুট শারীরিক দূরত্ব বজায় রাখতে হবে এবং সকলকে মাস্ক (সার্জিক্যাল মাস্ক অথবা তিন পরত (স্তর) বিশিষ্ট কাপড়ের মাস্ক, যা নাক ও মুখ ভালোভাবে ঢেকে রাখবে) ব্যবহার করতে হবে।

(৪) সার্জিক্যাল মাস্ক শুধু একবার (One time) হিসাবে ব্যবহার করা যাবে। কাপড়ের মাস্ক সাবান দিয়ে পরিস্কার করে পুণরায় ব্যবহার করা যাবে।

(৫) যাত্রার পূর্বে এবং যাত্রাকালীন পথে বার বার হ্যান্ড স্যানিটাইজার দিয়ে হাত পরিষ্কার করতে হবে।

(৬) খাওয়ার সময় শারীরিক দূরত্ব (নূন্যতম তিন ফুট) বজায় রাখতে হবে।

(৭) প্রতিবার টয়লেট ব্যবহারের পরে সাবান দ্বারা জীবাণুমুক্তকরণ নিশ্চিত করতে হবে।

(৮) অফিসসমূহে কাজ করার সময় শারীরিক দূরত্ব বজায় রাখতে হবে।

(৯) কর্মস্থলে সকলকে অবশ্যই মাস্ক পরিধান করতে হবে এবং ঘন ঘন সাবান পানি বা হ্যান্ড স্যানিটাইজার দিয়ে হাত পরিষ্কার করতে হবে।

(১০) কর্মকর্তা/কর্মচারীদের করোনা (COVID-19) প্রতিরোধে বিভিন্ন সাধারণ নির্দেশনাসহ অন্যান্য স্বাস্থ্যবিধি নিয়মিত মনে করিয়ে দিতে হবে এবং তারা স্বাস্থ্যবিধিসমূহ মেনে চলছে কিনা তা মনিটরিং করতে হবে। ভিজিলেন্স টিম এর মাধ্যমে মনিটরিং কার্যক্রম পরিচালনা করতে হবে।

(১১) দৃশ্যমান একাধিক স্থানে ছবিসহ স্বাস্থ্য সুরক্ষা নির্দেশনা ঝুলিয়ে রাখতে হবে।

(১২) কোন কর্মচারীকে অসুস্থ পাওয়া গেলে তাৎক্ষণিকভাবে তাকে আইসোলেশন/কোয়ারেন্টাইনে রাখার ব্যবস্থা করতে হবে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মাঠ প্রশাসন সমন্বয় অধিশাখা
www.cabinet.gov.bd

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০২.২০.১৪০

তারিখ: ১৯ শ্রাবণ ১৪২৭
০৩ আগস্ট ২০২০

বিষয়: করোনা ভাইরাসজনিত রোগ কোভিড-১৯-এর বিস্তার রোধকল্পে শর্তসাপেক্ষে সার্বিক কার্যাবলি/চলাচলে নিয়ন্ত্রণের মেয়াদ ৩১ আগস্ট ২০২০ পর্যন্ত বর্ধিতকরণ

করোনা ভাইরাসজনিত রোগ কোভিড-১৯ এর বিস্তার রোধ এবং পরিস্থিতির উন্নয়নের লক্ষ্যে সরকার নিম্নলিখিত শর্তসাপেক্ষে দেশের সার্বিক কার্যাবলি এবং জনসাধারণের চলাচলে নিয়ন্ত্রণ আরোপ করার সিদ্ধান্ত গ্রহণ করেছে:

১. আগামী **৪ আগস্ট ২০২০ হতে ৩১ আগস্ট ২০২০ পর্যন্ত** এ নিয়ন্ত্রণ অব্যাহত থাকবে। সাপ্তাহিক ছুটি এ নিয়ন্ত্রণের অন্তর্ভুক্ত থাকবে;

২. রাত ১০:০০ টা হতে সকাল ৫:০০ টা পর্যন্ত অতীব জরুরি প্রয়োজন ব্যতীত (প্রয়োজনীয় ক্রয়-বিক্রয়, কর্মস্থলে যাতায়াত, জরুরি পরিষেবা, ঔষধ ক্রয়, চিকিৎসা সেবা, মৃতদেহ দাফন/সৎকার ইত্যাদি) বাসস্থানের বাইরে আসা যাবে না;

৩. বাসস্থানের বাইরে সর্বাবস্থায় মাস্ক পরিধান করা, পারস্পরিক দূরত্ব বজায় রাখা ও অন্যান্য স্বাস্থ্যবিধি মেনে চলা নিশ্চিত করতে হবে। অন্যথায় আইন অমান্যকারীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে;

৪. হাটবাজার, দোকান-পাট ও শপিং মলে পারস্পরিক দূরত্ব বজায় রাখাসহ অন্যান্য স্বাস্থ্যবিধি কঠোরভাবে প্রতিপালন করতে হবে। শপিংমলের প্রবেশমুখে তাপমাত্রা পরিমাপক যন্ত্র এবং হাত ধোয়ার ব্যবস্থাসহ স্যানিটাইজারের ব্যবস্থা রাখতে হবে। শপিংমলে আগত যানবাহনসমূহকে অবশ্যই জীবাণুমুক্ত করার ব্যবস্থা রাখতে হবে। হাটবাজার, দোকান-পাট ও শপিং মল আবশ্যিকভাবে রাত ৮:০০ টার মধ্যে বন্ধ করতে হবে। পণ্য/খাদ্য ক্রয়ে জনসাধারণকে ই-কমার্স সাইট ব্যবহারে উৎসাহিত করতে হবে;

৫. সরকারি/স্বায়ত্তশাসিত/বেসরকারি অফিস, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান, ব্যবসা-বাণিজ্য, শিল্প-কারখানা ও সেবা প্রতিষ্ঠানসমূহ স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক জারিকৃত স্বাস্থ্যবিধি প্রতিপালন করে খোলা থাকবে। ঝুঁকিপূর্ণ, অসুস্থ কর্মচারী এবং সন্তান সম্ভবা নারীগণ কর্মস্থলে উপস্থিত হওয়া থেকে বিরত থাকবেন;

৬. গণপরিবহনসহ সবধরণের যানসমূহ স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক জারিকৃত স্বাস্থ্যবিধি প্রতিপালন করে চলাচল করবে;

৭. উক্ত নিয়ন্ত্রণকালে শিক্ষা প্রতিষ্ঠান, কোচিং সেন্টার বন্ধ রাখার বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ প্রয়োজনীয় নির্দেশনা জারি করবে;

৮. উক্ত সময়ে সকল প্রকার সভা-সমাবেশ, গণজমায়েত ও অনুষ্ঠান আয়োজন বন্ধ থাকবে। ভার্চুয়াল উপস্থিতিতে অনুষ্ঠান আয়োজনে অগ্রাধিকার দিতে হবে। ধর্ম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক সময় সময় প্রদত্ত নির্দেশনা প্রতিপালনপূর্বক মসজিদে জামায়াতে নামাজ আদায় ও অন্যান্য উপাসনালয়সমূহে প্রার্থনা পরিচালনা করা যাবে;

৯. স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক প্রণীত 'কোভিড-১৯ সংক্রমণ ঝুঁকি জোন ভিত্তিক সংযমন (Containment) ব্যবস্থা বাস্তবায়ন কৌশল/গাইড' অনুসরণ করে অধিকতর সংক্রমিত এলাকা নিয়ন্ত্রণ করতে হবে। সেখানে সর্বসাধারণের দৈনন্দিন প্রয়োজনীয় দ্রব্যাদির সরবরাহ/প্রাপ্যতা নিশ্চিত করতে হবে। স্বাস্থ্য অধিদপ্তর এ বিষয়ে সুস্পষ্ট অনুমোদন ও নির্দেশনা প্রদান করবে। সিটি কর্পোরেশন এলাকায় সিটি কর্পোরেশন এবং অন্যান্য এলাকায় জেলা প্রশাসন এ সংক্রান্ত কার্যাবলির সার্বিক সমন্বয় করবে; এবং

১০. কোভিড-১৯ এর বিস্তার রোধে স্থানীয় সরকার বিভাগ, তথ্য মন্ত্রণালয়, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, স্বাস্থ্য সেবা বিভাগসহ জেলা ও উপজেলা প্রশাসন ব্যাপক প্রচারণা ও জনসচেতনতামূলক কার্যক্রম বাস্তবায়ন করবে।

০২। এমতাবস্থায়, তাঁর মন্ত্রণালয়/বিভাগের আওতাধীন বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৩-৮-২০২০
মোহাম্মদ আব্দুল ওয়াদুদ চৌধুরী
উপসচিব
ফোন: ৯৫৫১১০৭
ফ্যাক্স: ৯৫৭৩৫৩৩
ইমেইল: faco_sec@cabinet.gov.bd

সিনিয়র সচিব/সচিব (সকল)

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০২.২০.১৪০/১(৭৪)

তারিখ: ১৯ শ্রাবণ ১৪২৭
০৩ আগস্ট ২০২০

অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে
১) মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
২) বিভাগীয় কমিশনার (সকল)